# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক**

**আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।**

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০)-এর ১২(৩) ধারা অনুযায়ী

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **এসোসিয়েটেড অক্সিজেন লিমিটেড,** প্রধান কার্যালয়: ১২৩, ফৌজদারহাট ষ্টেশন রোড, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এবং কর্পোরেট অফিস : বিসিআইসি ভবন, ২৬ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম-৪১০০ যার ব্যাবস্থাপনা পরিচালক জনাবা ইসমত জাহান এর নিকট বেসিক ব্যাংক লি:, আগ্রাবাদ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫.০৭.২০২৫ অনুযায়ী গ্রাহকের মোট দায় **৩,১৫,২৮,৬৩৬.২৯ টাকা (তিন কোটি পনের লক্ষ আঠাশ হাজার ছয়শত ছত্রিশ টাকা উনত্রিশ পঁয়সা)** সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### শর্তাবলীঃ

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।

২) দরপত্র **আগামী ১২/০৮/২০২৫ ইং** তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে।

৩) প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ বেসিক ব্যাংক লিঃ, চট্টগ্রাম শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে,এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৫) দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৬) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৭) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী,আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসো/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৮) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত/স্বত্তের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৯) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১০) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

১১) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার বেসিক ব্যাংক লি: সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারনে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে।

১২) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে **আগামী ১২/০৮/২০২৫ ইং** তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২নং শর্তে উল্লেখিত বেসিক ব্যাংক লি: এর আগ্রাবাদ শাখায় দরপত্র বাক্স খোলা হইবে। কৃতকার্য দরদাতাকে অবশ্যই দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ১২০ দিবসের মধ্যে দলিল সম্পাদন করিতে হইবে, অন্যথায় সমুদয় মূল্য বাজেয়াপ্ত হইবে।

১৩) কৃতকার্য দরদাতাকে দলিল সম্পাদনের যাবতীয় দায়িত্ব এবং সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সহট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে। দলিল সম্পাদনের পর কোন অভিযোগ গ্রহনযোগ্য হইবে না।

১৪) অসফল দরপত্র দাতাদের জামানতের অর্থ ফেরৎ দেওয়া হইবে।

### নিলামকৃত সম্পত্তির বিবরন

Mouza-Khaimpara, (J.L.No. -58) P.S- Sitakunda, Dist: Chittagong (Chattogram), RS Khatian Nos. 130, 15, 79 R.S Plot Nos. 723, 724, 725, 832, 833, 835, 834, 831 Corr. B.S Mutation Khatian No .1277, B.S. Plot Nos. 767, 778, 779, 765, 782, 758, 780, 760, 781, 765 & 759. Total area 87.10 decimal land with factory building and other structures and things attached thereon.

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান, আগ্রাবাদ শাখা, পাইন ভিউ,**
**১০০ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, আগ্রাবাদ চট্টগ্রাম-৪১০০।**

১৭/০৭/২৫ইং

দৈনিক নয়াদিগন্ত

দৈনিক আজাদী